গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা

## সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: জিয়াউল হক<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১১/০৯/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.৩০ টা |
| স্থান | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এর অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২৩) এর সংযোজনী-৭ এ উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন এবং ১.২ কার্যক্রম অংশে পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। সভায় কমিটির কার্যপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া আওতাধীন অফিসের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক সভা আয়োজন এবং হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অত:পর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। | **সেবা প্রদান প্রুতশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন** : সদস্য সচিব, সিনিয়র সহকারী কমিশনার (সাধারণ) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভূক্ত রয়েছে। এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত সূচকের ব্যাখ্যা ও মূল্যায়ন প্রক্রিয়া তরান্বিত করার জন্য কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা,২০২২-২০২৩ অনুযায়ী গত ১৯জুলাই ২০২২ তারিখে এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করা হয়েছে। চলতি অর্থবছরের ১ম কোয়ার্টারের প্রারম্ভে এ কমিটি গঠিত হওয়ায় বর্তমানে পুনর্গঠনের প্রয়োজনীয়তা নেই।<br>সদস্য সচিব আরো জানান যে, এ বিভাগের আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করে নাটোর জেলার পরিবীক্ষণ কমিটির তথ্য ওয়েবসাইটে হালনাগাদ পাওয়া যায়। অন্যান্য জেলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির তথ্য ওয়েবসাইটে নেই। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>সভাপতি বলেন যে, কর্মপরিকল্পনা সাঠিকভাবে বাস্তবায়নের জন্য প্রতিটি জেলার ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা প্রয়োজন। তিনি এ কার্যালয় ও সকল জেলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আহবান ও সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। | ১। এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি মাত্র ০২ মাস পূর্বে পুনর্গঠন হওয়ায় তা বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে নিজস্ব ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে।<br><br>৩। এ কার্যালয় ও আওতাধীন সকল জেলা প্রশাসকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। উক্ত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| ০২। | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন :** সদস্য সচিব সভাকে জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজনের বিষয় অন্তর্ভূক্ত রয়েছে। বর্তমানে ১ম ত্রৈমাসিকের তৃতীয় মাস চলমান। এ কারণে সেপ্টেম্বর, ২০২২ মাসের মধ্যেই সভাটি আয়োজন করা প্রয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা সেপ্টেম্বর, ২০২২ মাসের ৪র্থ সপ্তাহে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা(সাধারণ শাখা) এ কার্যালয় |
| ০৩। | **ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ):** সদস্য সচিব জানান যে, নির্ধারিত ফরমেটে সেবা প্রদান প্রতিশ্রুতির সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে প্রস্তুত করার পর গত ২৮/০৬/২০২২ তারিখে ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করা হয়েছে। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি ১ম ত্রৈমাসিকে হালানাগাদ করার প্রয়োজনীয়তা আছে কিনা তা জানতে চাওয়া হয়। কমিটির সকল সদস্যগণ এ কার্যালয়ের আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ রয়েছে মর্মে মতামত প্রদান করেন। তারা জানান যে, সর্বশেষ সিটিজেন চার্টারের পর আর অন্য কোন নতুন সেবা যুক্ত হয়নি।<br>আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। সদস্য সচিব জানান যে, জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণকালে কিছু ত্রুতি পরিলক্ষিত হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন যে, জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ রাখা প্রয়োজন। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ থাকলে সেবা পেতে জনগণের দুর্ভোগ কমবে। | ১। গত ২৮/০৬/২০২২ তারিখের প্রস্তুতকৃত এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির পর পুনরায় নতুন কোন সেবা যুক্ত না হওয়ায় পূর্ববর্তী সিটিজেন চার্টারটি বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। জেলা প্রশাসকের কার্যালয় সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্ধারিত ফরমেটে ৮ কলামে এবং সেবাসমূহকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা** এই তিন ভাগে বিভক্ত করে প্রস্তুত ও হালনাগাদপূর্বক ওয়েবসাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোড করতে হবে। | ১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) এ কার্যালয় |
| ০৪। | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন :** এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১ অংশে ষান্মাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয় অন্তর্ভূক্ত রয়েছে। সভায় কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার অনুষ্ঠানের সময় নির্ধারণ নিয়ে আলোচনা হয়। | সোব প্রদান প্রতিশ্রুতি বিষয়ক একটি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যে আয়োজন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) |
| ০৫। | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন:** এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.২ অংশে ষান্মাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় অন্তর্ভূক্ত রয়েছে। সভাটি কোন সময়ে আয়োজন করা যেতে পারে সে বিষয়ে আলোচনা হয়। | ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে আয়োজন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: জিয়াউল হক
অতিরিক্ত বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২২.১০০৫

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯
১৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৪) উপ-পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৫) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব/সিনিয়র সহকারী/সহকারী কমিশনার(মাঠ প্রশাসন/সাধারণ/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত), এ কার্যালয়।

আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত
সিনিয়র সহকারী কমিশনার